

শ্রীমঙ্গল উপজেলা পরিষদের আইন ও শৃঙ্খলা উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির জুলাই-আগস্ট/২৩ সভার কার্যবিবরণীঃ

তারিখ : ১৩/০৭/২৩ ইং।

সময় : ১২.৩০ মিনিট।

সভার স্থানঃ সভাপতির অফিস কক্ষ, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

সভাপতি : মোহাম্মদ লিটন আহমেদ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

সভায় উপস্থিত সদস্য বৃন্দের স্বাক্ষরের ক্রমানুসারে নামের তালিকা পরিশিষ্ট “ক” তে দ্রষ্টব্য।


সভাপতি উপস্থিত সদস্য বৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন পরিবর্তন বা সংশোধনী না থাকায় দৃষ্টিকরন করা হয়। অতঃপর সভাপতি অত্র কমিটির সদস্য সচিব কে সভার বিষয় বস্তু সম্পর্কে আলোচনার জন্য অনুরোধ জানান। অফিসার ইন চার্জ (ওসি) সভায় বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন উপস্থাপন করেন। যা নিম্নে বিস্তারিত উল্লেখ করা হলো।

০১। বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা :

অফিসার ইন চার্জ (ওসি), শ্রীমঙ্গল, মৌলভীবাজার সভায় জানান যে, বর্তমানে অত্র উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি খুবই ভাল আছে। মাদকের প্রভাব এই উপজেলায় খুবই কম। তবে দুই এক জায়গায় বাল্য বিবাহ হচ্ছে। মাদক ও বাল্যবিবাহ প্রতিরোধের জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন। সকল বিষয় অবগত হয়ে সভাপতি মহোদয় সন্তোষ প্রকাশ করেন ও উপস্থিত সকলকে ধন্যবাদ জানান।

০২। বিবিধ :

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোহাম্মদ লিটন আহমেদ)

ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা আইন ও শৃঙ্খলা উন্নয়ন বিষয়ক কমিটি
শ্রীমঙ্গল, মৌলভীবাজার